দর্শনায় রুপসা এক্সপ্রেস থেকে ১ কেজি হেরোইন উদ্ধার

চিলাহাটি থেকে ছেড়ে আসা ট্রেন অভিযান চালিয়ে দর্শনা ৬ বিজিবি ১কেজি ১শ গ্রাম হেরোইন উদ্ধার করেছে।
জানাগেছে গতকাল বুধবার দুপুর ২ টার দিকে ৬ বিজিবির পরিচালক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি নেতৃত্বে অভিযান চালায় দর্শনা হল্ট ষ্টেশনে।

এ সময় দর্শনা বিওপি কমান্ডার সুবেদার নওশের আলী সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় রুপসা এক্সপ্রেস ট্রেনে। এ সময় বিজিবি রুপসা এক্সপ্রেসের দ্বিতীয় বগির ভিতর ক্যারিয়ার এর উপর একটি স্কুল ব্যাগ দেখতে পায়। বিজিবি ব্যাগ তল্লাশি করে ১কেজি ১শ গ্রাম হেরোইন উদ্ধার করে।বিজিবি ব্যাগের মালিক না পাওয়ায় কাউকে আটক করতে পারেনী।

বিজিবি জানায় দর্শনা সীমান্তের পিলার ৭৭/২-এস হতে আনুমানিক ৩.৫ কিঃ মিঃবাংলাদেশের অভ্যন্তরে দর্শনা রেল ষ্টেশন থেকে এ হেরোইন আটক করে।এ ঘটনায় সুবেদার নওশের আলী বাদি হয়ে দর্শনা থানায় মামলার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনা কেরুতে পন্য উৎপাদনে রেকর্ড মুনাফা অর্জন

দেশের দক্ষিণ ও পশ্চিমান্ঝলের একমাত্র অর্থনৈতিক চালিকা শক্তি দর্শনা কেরু এন্ড কোম্পানী শুধুমাত্র আখ থেকে চিনি, চিটাগুড়, বায়োফার্টিলাইজার, হ্যান্ড স্যানিটাইজার ও উন্নত মানের দেশী – বিদেশী স্প্রিরিট লিকার উৎপাদন এবং বাজারজাত করে ২০২২/২৩ অর্থ বছরে ১”শ”কোটি টাকা মুনাফা অর্জন করেছে বলে জানিয়েছেন কতৃপক্ষ ।

তবে হাইব্রিড জাতের আখ উদ্ভাবন ও উৎপাদন ও আখচাষ বাড়ানো গেলে

পারে। আগের বছর ২০২১ সালে নিট প্রফিট ছিল ৫০ কোটি ৭০ লাখ ও মহামারি করনার মধ্যে ২০২০ সালে নিট প্রফিট ছিল ২১কোটি টাকা।

তিনি জানান গত সপ্তাহে উন্নত পদ্ধতিতে আখচাষ করে ফলন বাড়াতে এবং আখের সাথে সাথী ফসল করতে নাটোর, ফরিদপুর, মোবারকগন্জ ও কেরু চিনিকলের কর্মকর্তাদের নিয়ে তিনদিনের এক কর্মশালার উদ্বোধন করা হয়। সরকারের যুগ্ম সচিব, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন পরিচালক (অর্থ) মোঃ খন্দকার আজিম আহম্মদ এনডিসি, যুগ্ম সচিব, করপোরেশন পরিচালক (ইক্ষু ও গবেষনা) পুলক কান্তি বড়ুয়া প্রধান অতিথি থেকে বক্তব্যে রাখেন।

তিনি বলেন চলতি বছরে মিলের ৫শ ৯৩ একর অলস জমি ৬ মাসের জন্য স্হানীয়দের মধ্যে লিজ দিয়ে ৯০ লাখ ৯০ হাজার এবং ৩শ৫০ একর মুড়ি আখের জমি লিজ দিয়ে ৮১ লাখ টাকা আয় করা সম্ভব হয়েছে।

চুয়াডাঙা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলি আজগার টগর বলেন কেরু চিনিকলটি এ অন্চলের একমাত্র অর্থনৈতিক চালিকাশক্তি,যার মুল কাচমাল আখ,, সেই আখচাষ বাড়াতে নানামুখি কর্মসুচি নেওয়া হয়েছে,সাথে সাথে মিলটি আধুনিকায়ন করতে বি এম আর ও অটোমেশন এর কাজ পুরোদমে এগিয়ে চলেছে।

দর্শনায় মাদকসহ আকন্দবাড়িয়ার মোল্লা হোসেন গ্রেফতার

দর্শনায় মাদকসহ মোল্লা হোসেন নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ। আজ বৃহস্পতিবার রাত সোয়া ৯ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে থানার এসআই রাম প্রসাদ সরকার, এএসআই তুহিন হোসেন সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন আকন্দবাড়ীয়া আবাসনে।

এসময় আকন্দবাড়ীয়া আবাসন জালাল উদ্দীনের ছেলে ইমরানের মুদি দোকানের সমানে ইটের সলিং রাস্তার উপর হতে ২১ বোতল ফেন্সিডিলসহ

মোল্লা হোসেন (৩৮) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়ীয়া স্কুলপাড়ার বাসিন্দা ও লালুর এবং হামিদা বেগমের ছেলে। গ্রেফতারকৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনায় ফেন্সিডিল সহ সুলতানপুরের আনোয়ার গ্রেফতার

দর্শনায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ফেনসিডিল সহ আনোয়ার নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ।

এ ঘটনায় পুলিশ পলাতক দেখিয়ে ২ জনের বিরুদ্ধে দায়ের করেছে মামলা। গতকাল মঙ্গলবার দিবাগত রাত সাড়ে ১২ টার দিকে দর্শনা থানার নবাগত অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে থানার এসআই তাইফ্জ্জুামান, এসআই স্বপন কুমার সরকার, এসআই শামিম রেজা সহ সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর গ্রামের সুলতানপুর গ্রামে।

এসময় গ্রামের উত্তরপাড়ার মৃত মুজাল সরদারের ছেলে রবির মুদি দোকানের সামনে পাকা রাস্তার হতে ৬০ বোতল ফেন্সিডিলসহ আনোয়ার হোসেন (৪৯) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেন।

গ্রেফতার হওয়া মাদক ব্যবসায়ী সুলতানপুর গ্রামের উত্তরপাড়ার বাসিন্দা ও মৃত আনছার আলীর ছেলে। গ্রেফতারকৃত আসামী এবং পলাতক আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। সেই সাথে গ্রেফতারকৃত আসামীকে চুয়াডাঙ্গা কোট হাজতে প্রেরণ করেছে।

দর্শনায় ৪ কোটি টাকা মৃল্যের ২২ টি স্বর্নের বারসহ বাংলা আটক

দর্শনায় ৫৮ বিজিবি চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে ৪ কোটি টাকা মৃল্যের ২২ টি স্বর্নেন বারসহ দর্শনা মোবারকপাড়ার বাংলাকে আটক করেছে।

জানাযায় ৫ এপ্রিল বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে অভিযান চালায় জীবনগর টু দর্শনা সড়কে। মহেশপুর ব্যাটালিয়ন ৫৮ বিজিবির অধিনায়ক লেঃ কর্নেল মাসুদ পারভেজ রানা, এএফডব্লিউসি, পিএসসির নেতৃত্বে অভিযান চালায় দর্শনা রেল ক্রসিং এর পাশে।

এ সময় ব্যাটালিয়ন সদরের একটি বিশেষ টহল দল উথুলী এলাকায় এ্যাম্বুশ স্থাপন করে। মোটর সাইকলে আরোহী উথলী অতিক্রম করে দর্শনার দিকে রওনা দেয়। এ্যাম্বুশ দল পিছু ধাওয়া করে দর্শনা মোটরসাইকেলসহ দর্শনা পৌরসভার মোবারকপাড়ার রাজ্জাক খানের ছেলে সাঈদ খান বাংলাকে (৪৫) আটক করে। বিজিবি তার মটরসাইকেল তল্লাশি করে ২২ টি স্বর্নের বার উদ্ধার করে। যার আনুমানিক মৃল্য প্রায় ৪ কেটি টাকা।

আটককৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মামলা দায়ের এবং স্বর্ণের বার চুয়াডাংগা ট্রেজারী অফিসে জমা দেয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন।

দর্শনায় মাদক উদ্ধারসহ মধ্য বয়সী দুই নারী আটক

দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর পৃথক দুটি মাদক বিরোধী অভিযানে মাদক উদ্ধার সহ মধ্য বয়সী দুই নারীকে আটক করেছে।

আটককৃতদেরকে ভ্রাম্যমান আদালতে বিভিন্ন মেয়াদে কারাদন্ড ও

জরিমানা করা হয়েছে। গতকাল সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটে মোঃ নজরুল ইসলামের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয়ের অফিসার ও সদস্যরা মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন জেলার দর্শনা মোবারকপাড়ায়।

এ অভিযানে মৃত: আব্দুল কুদ্দুসের স্ত্রী হামিদা খাতুন ডলির (৫০) নিজ বসতঘরে তল্লাসী চালিয়ে ২ কেজি গাঁজা উদ্ধার সহ মাদক ব্যাবসায়ী হামিদা খাতুন ডলিকে আটক করেন। আটককৃত মাদক ব্যাবসায়ীকে ভ্রাম্যমান আদালতে ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন। একই অভিযানিকদল দুপুর ১২ টার দিকে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা শান্তিপাড়ায়। এ অভিযানে শান্তিপাড়ার ইদ্রিস আলীর বসতঘরে মাদক বিরোধী অভিযান চালিয়ে ২ কেজি গাঁজা সহ গৃহকর্তার স্ত্রী কোহিনূর বেগমকে (৫৫) আটক করেন।

আটককৃত আসামীকে ভ্রাম্যমান আদালতে ৯ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন। এ ভ্রাম্যমান আদালত পরিচালনা ও রায় প্রদান করেন বিজ্ঞ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ নজরুল ইসলাম।

দর্শনার জন্য আমরা সংগঠনের আয়োজনে মতবিনবিনিময় ও ইফতার মাহফিল

দর্শনা হল্ট স্টেশনে সুন্দরবন আপ ও চিত্রা ডাউন ট্রেনের যাত্রাবিরতী ও ৬ দফা দাবি পরিস্মৃতি পর্যালোচনা আদায়ের লক্ষে মতবিনিময় ও ইফতার মাহফিল অনুষ্টিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকালে দর্শনা কেরুজ চিনিকলের অফিসার্স ক্লাবে “দর্শনার জন্য আমরা” সংগঠন কর্তৃক আয়োজিত সংগঠনের আহব্বায়ক আনারুল ইসলাম বাবুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত

ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজাদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, রবিউল ইসলাম বাবু, দর্শনা পৌর আওয়ামীলীগের সহ-সভাপতি হুমায়ুন কবীর, নেতা আমির হোসেন, আখচাষী কল্যান সমিতির সভাপতি আঃ হান্নান, দর্শনা গণ উন্নয়ন গ্রন্থগারের পরিচালক আবু সুফিয়ান, রিকসা ও ভ্যান শ্রমিক ইউনিয়নের সভাপতি হবা জোয়াদ্দার, দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, সাবেক সভাপতি হানিফ মন্ডল, ইকরামুল হক পিপুল, সাবেক সাধারন সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবিব মামুন, প্রমুখ।

এসময় আলোচনায় বক্তারা বলেন, দর্শনা স্টেশনে মৈত্রী ট্রেনে যাত্রীদের আসন বরাদ্দ ও উঠানামার ব্যবস্থা থাকা এবং দুটি যাত্রীবাহী ট্রেন পূনঃচালুকরণ সহ ৬ দফা দাবি আদায়ের লক্ষে “দর্শনার জন্য আমরা” সংগঠনের আন্দোলনের অংশ হিসাবে ট্রেন অবরোধে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতার দেওয়া প্রতিশ্রুতি ১৫ রমজান পর্যন্ত সময়ের মধ্যে আন্দোলনকারীদের দাবি-দাওয়া পূরণের বিষয়ে সিদ্ধান্ত দেবেন। সেই সময়ের মধ্যে দাবি পূরণ না হলে সংগঠনের নের্তৃবৃন্দরা পূণরায় বৃহত্তর আন্দোলনের ডাক দেবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

দর্শনায় বিদেশী সিগারেটসহ গ্রেফতার ১

দর্শনায় চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে অবৈধ চোরাই পথে আসা বিদেশী সিগারেট সহ নয়ন (২০) নামের এক চোরাকারবারীকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল সোমবার বিকাল ৪ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এসআই তারিফুজ্জামান, এএসআই ফিরোজ হোসেন সঙ্গীয় ফোর্সসহ চোরাচালান বিরোধী অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন গড়াইটুপি ইউনিয়নে।

এসময় ইউনিয়নের গড়াইটুপি মেলার মাঠ সংলগ্ন সুরুজ মিয়ার বাড়ির সামনে পাকা রাস্তার উপর একটি ইজিবাইকে চ্যালেঞ্জ করে পুলিশ। পরে ইজিবাইকে থাকা অবৈধ বিদেশী ১৩ শ ৯০ প্যাকেট মালবরো সিকারেট সহ নয়ন (২০) নামের এক চোরাকারবারীকে গ্রেফতার করে পুলিশ।

সেই সাথে চোরাচালান কাজে ব্যাবহৃত ব্যাটারী চালিত একটি ইজিবাইক আটক করে। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন তিতুদহ ইউনিয়নের লিয়াকত আলীর ছেলে।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবীর বলেন, আমরা গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি ভারত থেকে অবৈধ পথে মালবোরো সিগারেট পাচার হচ্ছে। এমন সংবাদের ভিত্তিত্বে থানার অফিসার ও ফোর্স অভিযান চালায় দর্শনা থানাধীন গড়াইটুপি মেলার মাঠ সংলগ্ন সড়কে।

এসময় সেখান হতে অবৈধ পথে দেশে আসা সিগারেট ও একটি ইজিবাইক সহ চোরাকারবরীকর আটক করি।সিগারেটগুলো সুইজারল্যান্ড কোম্পানীর। গতকালই তাকে দর্শনা থানায় মামলাসহ তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দর্শনায় ইয়াবাসহ আটক ১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা পুলিশ মাদক বিরোধী বিশেষ অভিযান চালিয়ে ১শ পিস ইয়াবা ট্যাবলেটসহ একজনকে আটক করেছে।

গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৫ টার দিকে জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ শেখ সফিকুর রহমানের নেতৃত্বে এসআই শিহাব উদ্দিন, এএসআই বিজন কুমার ভট্টাচার্য, এএসআই আবেদুর রহমান, গোপন সংবাদের সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন আজমপুর মাঠপাড়ায়।

এ সময় পুরাতন ইট ভাটার মাঠের মধ্যে হতে কুষ্টিয়ার মিরপুর দক্ষিনকাড্ডা গ্রামের আলমগীর হোসেনের ছেলে মোঃ হাসান (২৮)কে চ্যালেন্জ করে।এসময় তার পরিহিত প্যান্টের ডান পকেট হতে ১শ পিস

ইয়াবা ট্যাবলেটসহ গ্রেফতার করেন।
গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনায় চেক জালিয়াতি মামলার সাজাপ্রাপ্ত আসামী গ্রেফতার

দর্শনা থেকে চেক জালিয়াতি মামলার সাজাপ্রাপ্ত ওয়ারেন্টভুক্ত পলাতক আসামীকে গ্রেফতার করেছে ঝিনাইদহ র্যাব ৬।

জানাগেছে বৃহস্পতিবার দুপুর আড়াইটার দিকে র্যাব-৬ (ঝিনাইদহ ক্যাম্প) এর একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় দর্শনা রেলবাজারে।

এ সময় র্যাব সিরাজগঞ্জ জেলার পরিচালক বিন্দু ফ্লাওয়ার মিলস লিঃ সারঘাট এলকার আঃ সাত্তারের ছেলে প্রতারনা মামলার সাজাপ্রাপ্ত পলাতক আসামী জুয়েল (৪৮) কে গ্রেফতার করে।

র্যাব জানায় সিরাজগঞ্জের সদর থানার সিআর মামলার ১৩৪৩/১৪, দায়রা ০৭/১৬ এর ১৮৮১ সালের এনআই এ্যাক্ট এর ১৩৮ ধারার সাজাপ্রাপ্ত ওয়ারেন্টভুক্ত আসামী। গতকালই গ্রেফতারকৃত জুয়েলকে সিরাজগঞ্জ জেলার সদর থানায় হস্তান্তর করেছে।